# তুলা উন্নয়ন

**সরকার কর্তৃক পরিচালিত রাঙ্গামাটি পার্বত্য জেলার তুলা উন্নয়ন বোর্ডের অধীনস্থ প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা, রাঙ্গামাটি এর কার্যালয় রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের ব্যবস্থাপনায় ও নিয়ন্ত্রণে হস্তান্তরের চুক্তিপত্র।**

যেহেতু রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ আইন, ১৯৮৯ (১৯৮৯ সনের ১৯ নং আইন, ১৯৯৮ সনের ৯ নং আইন দ্বারা সংশোধিত) এর ধারা ২২-এ বর্ণিত প্রথম তফসিলভুক্ত সরকার কর্তৃক পরিচালিত তুলা উন্নয়ন বোর্ডের অধীনস্থ প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা, রাঙ্গামাটি এর কার্যালয় রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের ব্যবস্থাপনায় ও নিয়ন্ত্রণে নিম্ন লিখিত শর্তে হস্তান্তর করিতে ইচ্ছা প্রকাশ করিয়াছেন।

এবং যেহেতু সরকার ও রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের মধ্যে এই বিষয়ে আলোচনা হইয়াছে এবং উক্ত আলোচনার প্রেক্ষিতে রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ তুলা উন্নয়ন বোর্ডের অধীনস্থ প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা, রাঙ্গামাটি জেলার কার্যালয় নিম্ন লিখিত শর্ত সাপেক্ষে গ্রহণ করিতে সম্মত হইয়াছেন।

সেহেতু সরকার উল্লিখিত আইনের ২৩ (খ) ধারায় প্রদত্ত ক্ষমতা বলে রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের সম্মতিক্রমে নিম্নলিখিত কর্ম ও বিষয়গুলি নিম্নবর্ণিত শর্তাধীনে রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের ব্যবস্থাপনায় ও নিয়ন্ত্রণে হস্তান্তর করিলেন।

## শর্তসমূহ ঃ

সরকার তথা-কৃষি মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত রাঙ্গামাটি পার্বত্য জেলায় তুলা উন্নয়ন বোর্ডের -

১। <u>কর্ম ও বিষয়</u>

(১) রাজস্ব ও উন্নয়ন বাজেটভুক্ত সকল কার্যক্রম পরিচালনা, তত্ত্বাবধান, সমন্বয় ও নিয়ন্ত্রণ;
(২) উন্নয়নের জন্য স্থানীয়ভাবে পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন ;
(৩) যে সমস্ত প্রকল্পের কার্যক্রম শুধুমাত্র রাঙ্গামাটি পার্বত্য জেলার মধ্যে সীমাবদ্ধ সেইগুলো হস্তান্তর বলিয়া গণ্য হইবে। তবে যে সমস্ত প্রকল্পের কার্যক্রম রাঙ্গামাটি পার্বত্য অঞ্চলসহ বাংলাদেশের বিভিন্ন অঞ্চলে বিস্তৃত সেইগুলো হস্তান্তরযোগ্য নহে। এই ক্ষেত্রে রাঙ্গামাটি পার্বত্য এলাকার কার্যক্রমসমূহ জেলা পরিষদ তত্ত্বাবধান ও সমন্বয় করিতে পারিবে;
(৪) রাঙ্গামাটি পার্বত্য জেলায় অবস্থিত সকল ভবন, সম্পদ, যানবাহন, আসবাবপত্র, জনবল এবং ইহাদের ব্যবস্থাপনা, মেরামত, রক্ষণাবেক্ষণ ও উন্নয়ন;
(৫) সকল তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীদের নিয়োগ, ছুটি, প্রশিক্ষণ, বদলী ও শৃঙ্খলামূলক ব্যবস্থা।

২। <u>অর্থ বরাদ্দ</u>

(ক) তুলা উন্নয়ন বোর্ডের অধীনে রাঙ্গামাটি জেলায় নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীদের বেতন-ভাতা ও অফিসিয়াল অন্যান্য ব্যয় অর্থ কোড ভিত্তিক সরাসরি রাঙ্গামাটি জেলা পরিষদে ন্যস্ত করিয়া তুলা উন্নয়ন বোর্ডকে অনুলিপি প্রেরণ করিতে হইবে।
(খ) সকল উন্নয়ন কর্মকান্ডের জন্য তুলা উন্নয়ন বোর্ড কর্তৃক অর্থ বরাদ্দ রাঙ্গামাটি জেলা পরিষদে ন্যস্ত করিয়া সংশ্লিষ্ট সংস্থার জেলা পর্যায়ের অফিস প্রধানকে অনুলিপি প্রদান করিতে হইবে।
(গ) বাসাবাড়ি, বিশ্রামাগার, স্থাপনা, যানবাহন, আসবাবপত্র ও অন্যান্য উৎস হইতে প্রাপ্ত আয় বর্তমানে প্রচলিত বিধি মোতাবেক রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের কোষাগারে জমা প্রদানপূর্বক তুলা উন্নয়ন বোর্ডকে অবগতির জন্য অনুলিপি প্রেরণ করিবে।

৩। <u>নিয়োগ, বদলী, ছুটি, অবসর, পদোন্নতি, প্রশিক্ষণ ও শৃঙ্খলামূলক ব্যবস্থা ইত্যাদি</u>

(ক) সকল কর্মকর্তা পরিষদের অধীনে প্রেষণে নিয়োজিত থাকিবেন;
(খ) কর্মকর্তাদের নিয়োগ, বদলী, ছুটি, অবসর, পদোন্নতি, প্রশিক্ষণ ও শৃঙ্খলামূলক ব্যবস্থা ইত্যাদি সংস্থা/সরকারী বিধিবিধান অনুযায়ী পরিচালিত হইবে;
(গ) জনস্বার্থে বিশেষ বদলী করিবার ক্ষেত্রে পরিষদকে অবহিত করিতে হইবে;
(ঘ) বদলীকৃত কর্মকর্তা/কর্মচারীদের অবমুক্তির জন্য জেলা পরিষদ চেয়ারম্যানের অনুমোদন লইতে হইবে;
(ঙ) সকল তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীদের নিয়োগ, বদলী, ছুটি, অবসর, পদোন্নতি, প্রশিক্ষণ ও শৃঙ্খলামূলক ব্যবস্থাসহ চাকুরীর সকল শর্তাবলী জেলা পরিষদের প্রবিধান অনুযায়ী হইবে। তবে প্রবিধান গৃহীত না হওয়া পর্যন্ত উক্ত বিষয়াদি সংশ্লিষ্ট সংস্থা/সরকারী বিধিবিধান অনুসারে পরিচালিত হইবে।

২২.০৮.০৭

৪৫

৪। বার্ষিক গোপনীয় অনুবেদন

তুলা উন্নয়ন বোর্ডের, রাঙ্গামাটি জেলা পর্যায়ের প্রধান কর্মকর্তার বার্ষিক গোপনীয় অনুবেদনে রাঙ্গামাটি জেলা পরিষদের চেয়ারম্যান স্বাক্ষর ও প্রতিস্বাক্ষর করিবেন। তুলা উন্নয়ন বোর্ডের, রাঙ্গামাটি জেলা পর্যায়ের প্রধান কর্মকর্তার অধীনস্থ অন্যান্য কর্মকর্তার বার্ষিক গোপনীয় অনুবেদন জেলা পর্যায়ের প্রধান কর্মকর্তা স্বাক্ষর করিবেন এবং জেলা পরিষদের চেয়ারম্যান প্রতিস্বাক্ষর করিবেন।

৫। বিবিধ

কর্ম ও বিষয়ের সাথে সংশ্লিষ্ট প্রকল্প বা কর্মসূচী বিদেশী সাহায্য সংস্থা/দাতা সংস্থা কর্তৃক গ্রহণের ক্ষেত্রে পরিষদকে অবহিত করিতে হইবে। তবে রাঙ্গামাটি জেলায় বিদেশী সহায়তায় তুলা উন্নয়নের বোর্ড কর্তৃক গৃহীত উন্নয়নমূলক কর্মসূচী বাস্তবায়নে রাঙ্গামাটি জেলা পরিষদকে সম্পৃক্ত করিতে হইবে ।

৬। চুক্তি সংশোধন

(ক) রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ এবং কৃষি মন্ত্রণালয় যৌথভাবে চুক্তিতে বর্ণিত শর্তসমূহ প্রয়োজনবোধে পর্যালোচনা করিবে এবং জনস্বার্থে ঐক্যমতের ভিত্তিতে এই চুক্তি পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন ও সংযোজন করা যাইবে।

(খ) চুক্তি বাস্তবায়নে এবং ইহার ব্যাখ্যার ব্যাপারে কোন বিরোধ দেখা দিলে সংস্থা এবং জেলা পরিষদের সাথে আলোচনাক্রমে কৃষি মন্ত্রণালয় ও পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় যৌথভাবে প্রয়োজনীয় পদক্ষেপ/চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিবে।

এই চুক্তি ২২ আগষ্ট, ২০০৭ খ্রিষ্টাব্দ/ ০৭ ভাদ্র, ১৪১৪ বঙ্গাব্দ হইতে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

22.8.2007

( এম আবদুল আজিজ এনডিসি )
সচিব
কৃষি মন্ত্রণালয়

আমি জগৎ জ্যোতি চাকমা চেয়ারম্যান, রাঙ্গামাটি, পার্বত্য জেলা পরিষদের পক্ষে এই চুক্তিপত্রে উল্লিখিত বিষয়গুলি উপরে বর্ণিত শর্ত সাপেক্ষে গ্রহণ করিতে সম্মতি জ্ঞাপন করিলাম।

২২.০৮.০৭

( জগৎ জ্যোতি চাকমা )
চেয়ারম্যান
রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ